আজকের কাগজ

তারিখ ...19 APR 1995 ...
পৃষ্ঠা 7 কলাম 7.....

25

## হাইকোর্টের রায় অমান্য করলো শিক্ষাবোর্ড

# নান্দিনা মডেল একাডেমীর ১০১ শিক্ষার্থী এসএসসি দিতে পারছে না

**শাহ নিসতার জাহানঃ** ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড হাইকোর্টের রায় অমান্য করলো। এর ফলে জামালপুর নান্দিনা মডেল একাডেমির ১০১ জন শিক্ষার্থীর এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করা অসম্ভব হয়ে পড়েছে। শিক্ষা বোর্ড এসব পরীক্ষার্থীদের প্রবেশ পত্র পাঠায়নি।

জানা গেছে, নান্দিনা মডেল একাডেমি ১৯৮৫ সালে প্রতিষ্ঠিত হবার পর থেকে প্রতিবছর এসএসসি পরীক্ষায় অংশ নিয়ে আসছে। ১৯৯৫ সনের পরীক্ষার জন্যেও একাডেমি ছাত্র তথ্য ফর্ম পূরণ করে ও পরীক্ষায় টাকা দাখিল করে। এ বছরের ২২ জানুয়ারি ১০১ জন শিক্ষার্থীর পক্ষ থেকে ছাত্র তথ্য কর্মের জন্যে ৪৪ হাজার ৯শ' ১৫ টাকা জমা দেয়া হয়। যার রশিদ নম্বর ৩১৩৮৩। কিন্তু ঢাকা শিক্ষা বোর্ড এ ১০১ শিক্ষার্থীর ভাগ্য নিয়ে নির্মম খেলা শুরু করে। তারা শিক্ষার্থীদের নামে অর্থ গ্রহণ করেও পরীক্ষার প্রবেশ পত্র পাঠায়নি। এর বিরুদ্ধে স্কুলের পক্ষে প্রধান শিক্ষক মোঃ আব্দুল কাদের হাই কোর্টে রীট পিটিশন মামলা দায়ের করেন। বিচারপতি এ এম মাহমুদুর রহমান ও বিচারপতি মাহফুফুর রহমানকে নিয়ে গঠিত বেঞ্চ শুনানি শেষে মামলার রায় প্রদান করেন। বাদী পক্ষে উকিল ছিলেন জাকির হোসেন, শাহ মোঃ সিরাজুল হক, ওজিউল্লাহ, রুবাইয়াত-ই-ফেরদৌস প্রমুখ। রায়ে ঢাকা শিক্ষা বোর্ডকে নান্দিনা একাডেমির শিক্ষার্থীদের পরীক্ষার প্রবেশ পত্র পাঠাবার নির্দেশ দেয়া হয়। যার আদেশ নম্বর ৭৭০/৯৫। রায়ে আরো নির্দেশ দেয়া হয়, প্রবেশ পত্র পাঠানোর ব্যবস্থা করে ১৩ এপ্রিলের মধ্যে হাই কোর্টকে রিপোর্ট প্রদান করতে হবে। কিন্তু বোর্ড কর্তৃপক্ষ হাই কোর্টকে রিপোর্ট পেশ তো দূরে থাক, স্কুলে প্রবেশ পত্রই পাঠায়নি। এভাবে ঢাকা শিক্ষা বোর্ড নান্দিনা মডেল একাডেমির ১০১ ছাত্রের জীবন থেকে অন্যায়ভাবে একটি বছর কেড়ে নিলো।